গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.১৬.০০২.২৩.৩০৬

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩১ / ১২ আগস্ট ২০২৪

আদালতের কর্মপরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন সম্পর্কিত নিম্নলিখিত বিষয়ে আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) পলিথিন ও প্লাস্টিক পণ্য ব্যবহার স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, ঝুঁকিপূর্ণ ও আইনগতভাবে নিষিদ্ধ বিধায় অধস্তন আদালত প্রাঙ্গণে পলিথিন ও প্লাস্টিক পণ্য ব্যবহার না করা।

খ) জেলা ও দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের সুবিধাজনক স্থানে মাতৃদুগ্ধপান কেন্দ্র স্থাপন এবং প্রযোজ্যক্ষেত্রে বিদ্যমান মাতৃদুগ্ধপান কেন্দ্রসমূহ ব্যবহার উপযোগী করা।

গ) জেলা ও দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের সুবিধাজনক স্থানে মহিলা ও পুরুষ বিচারপ্রার্থীর জন্য পৃথক শৌচাগার স্থাপন এবং প্রযোজ্যক্ষেত্রে বিদ্যমান শৌচারগারসমূহ ব্যবহার উপযোগী করা।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২/০৮/২০২৪
(আশফাকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২
ই-মেইল: section8.justice@gmail.com

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ:

১। বিজ্ঞ জেলা ও দায়রা জজ (সকল)।
২। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট(সকল)।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।